



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ১৩.০২.২০২০খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ২দিনব্যাপী “বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা-২০২০”

মুজিব জন্মশতবর্ষ উদযাপনকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থীদের সংগঠন “ম্যানেজমেন্ট স্টাডিজ এসোসিয়েশন” এর আয়োজনে শুরু হয়েছে ২ দিনব্যাপী “বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা-২০২০”। ১৩ ফেব্রুয়ারি সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বেলুন ও ফেস্টুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এরপর উপাচার্য মহোদয় ৩য় ম্যানেজমেন্ট ডে উপলক্ষে বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদেরকে সাথে নিয়ে কেক কাটেন। উদ্বোধন শেষে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বলেন, তোমরা আজকে এখানে যারা তরুণ উদ্যোক্তা আছো তারা একসময় বাংলাদেশকে দেশে বিদেশে প্রতিনিধিত্ব করবে। আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় তরুণ ও যুবকদের প্রাধান্য দিতেন। তিনি তরুণ ও যুবকদের নিয়ে স্বপ্ন দেখতেন, কেননা তারাই ছিল আগামী বাংলাদেশ। আর তাই জাতির পিতার আহবানে সাড়া দিয়ে অন্যান্য বয়সীদের সাথে তরুণ ও যুবকদের একটি বড় অংশ মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে এ দেশকে স্বাধীন করেছিলো। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাও তরুণ ও যুবকদের বিভিন্ন সৃজনশীল উদ্ভাবনীমূলক কর্মকাণ্ডের পৃষ্ঠপোষকতা করে থাকেন। কেননা তরুণরাই আগামী বাংলাদেশের নেতৃত্ব দেবে। উপাচার্য মহোদয় ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ আয়োজিত “বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা-২০২০” এ অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান মোঃ আবিদ হোসেনের সভাপতিত্বে এসময় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ। মেলার ২৫ টি স্টলে বরিশাল বিশ্ববিদ্যালয়সহ বরিশালের বিভিন্ন প্রতিষ্ঠানের তরুণ উদ্যোক্তারা অংশ নেয়। এদিকে ৩য় ম্যানেজমেন্ট ডে উপলক্ষে সকাল ৯টায় ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্যাম্পাসে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। একইসাথে এদিন বিভাগের পক্ষ থেকে নবাগত শিক্ষার্থীদেরও বরণ করে নেয়া হয়। এছাড়া ম্যানেজমেন্ট ডে উপলক্ষে বিকেলে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে কনসার্টেরও আয়োজন করা হয়। ২ দিনব্যাপী অনুষ্ঠিত মেলাটি শেষ হবে ১৪ ফেব্রুয়ারি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস